কুষ্টিয়ায় শহীদ ও আহত পরিবারের পাশে ‘আমরা বিএনপি পরিবার’

চব্বিশের গণঅভ্যুত্থানে ছাত্র-জনতার গণআন্দোলন চলাকালে কুষ্টিয়ায় আইনশৃঙ্খলা বাহিনীর গুলিতে নিহত ও আহত পরিবারগুলোর সাথে সাক্ষাৎ করেছে ‘আমরা বিএনপি পরিবার’-এর একটি প্রতিনিধি দল।

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান ও ‘আমরা বিএনপি পরিবার’-এর প্রধান পৃষ্ঠপোষক তারেক রহমানের পক্ষ থেকে প্রতিনিধি দলটি কুষ্টিয়ায় আইনশৃঙ্খলা বাহিনীর গুলিতে নিহত ও আহত পরিবারের সদস্যদের সাথে মতবিনিময় করেছে।

আজ শনিবার (০৯ নভেম্বর ) দুপুর ২টায় কুষ্টিয়া শহরের দিশা টাওয়ার মিলনায়তনে শোকাহত এসব পরিবারের সদস্যদের সাথে মতবিনিময় করা হয়।

মতবিনিময় অনুষ্ঠানে বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের পক্ষ থেকে তাদের প্রতি সহমর্মিতার বার্তা পৌঁছে দেন ‘আমরা বিএনপি পরিবার’-এর আহবায়ক ও বিএনপি মিডিয়া সেলের সদস্য আতিকুর রহমান রুমন।

এসময় ‘আমরা বিএনপি পরিবার’-এর আহবায়ক আতিকুর রহমান রুমন বলেন, আমরা ১৫টি পরিবারকে আর্থিক সহায়তা দিয়েছি। যারা এখানে রক্ত দিয়ে শহীদ হয়েছেন অর্থ দিয়ে তাদের ঋণ শোধ করতে পারবেন না। বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান পক্ষ থেকে- আমরা এখানে এসেছি তাদের পরিবারকে শান্তনা দেওয়ার জন্য এটিই আমাদের মূল উদ্দেশ্য। বাংলাদেশে আমরা শহীদ ও আহত মিলে প্রায় ৩০০ পরিবারের পাশে দাঁড়িয়েছি।

‘আমরা বিএনপি পরিবার’-এর আহবায়ক আরও বলেন, আমরা আহতদের পাশে দাঁড়িয়েছি। অনেক সময় আমরা তাদের ঢাকা পর্যন্ত নিয়ে গিয়েছি, যারা বেশি আহত হয়েছে, গুরুতর আহত হয়েছে, যারা চোখ হারিয়েছে। আমরা ১৫০-এর অধিক মানুষকে ঢাকাসহ আশেপাশের হাসপাতালে চিকিৎসা দিচ্ছি এবং মেডিসিনের ব্যবস্থা করে দিচ্ছি। অনেক ফ্যামিলি আছে, যারা শহীদ হয়েছে, আহত হয়েছে তারা কিন্তু প্রকাশ করছে না। আমরা এগুলো ঢাকাশহরে খুঁজে খুঁজে তাদের সহায়তা দিচ্ছি।

এছাড়া দেশের প্রতিটি জেলায় শহীদ ও আহত পরিবারের কাছে আমরা যাবো,

তাদের পাশে দাঁড়াবো ইনশাআল্লাহ, বলেন আতিকুর রহমান রুমন।

এসময় উপস্থিত ছিলেন-কুষ্টিয়া জেলা বিএনপি’র আহবায়ক কুতুব উদ্দিন আহমেদ, সদস্য সচিব জাকির হোসেন সরকার, বিএনপি’র নির্বাহী কমিটির সদস্য ব্যারিস্টার রাগিব রউফ চৌধুরী, বিএনপি’র নির্বাহী কমিটির সদস্য ফরিদা ইয়াসমিন, কুষ্টিয়া জেলা বিএনপি’র সিনিয়র যুগ্ম-আহবায়ক রেজা আহমেদ বাচ্চু মোল্লাসহ স্থানীয় নেতৃবৃন্দ।

পরে জেলার ১৫ জন পরিবারের মাঝে প্রতিটি পরিবারকে ৫০ হাজার টাকা করে সহায়তা প্রদান করে।